বাংলাদেশ দূতাবাস
ব্যাংকক

প্রেস বিজ্ঞপ্তি
বিকেকে নং-১৩৫

নমপেনে বঙ্গবন্ধু শেখ মুজিব সড়ক পরিদর্শন করলেন বাংলাদেশের রাষ্ট্রদূত

নমপেন, ১ জুন ২০২২

গতকাল কম্বোডিয়ায় সমবর্তী বাংলাদেশের অনাবাসিক রাষ্ট্রদূত জনাব মোঃ আব্দুল হাই কম্বোডিয়ার নমপেনে বাংলাদেশের জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নামে নামকরণকৃত সড়ক Bangabandhu Sheikh Mujib Street সরেজমিনে পরিদর্শন করেন।

এ সময় Phnom Penh Capital Adminitration (নমপেন মিউনিসিপালিটি) এর উপ গভর্নর Mr. Nuon Pharat বাংলাদেশের রাষ্ট্রদূতকে বঙ্গবন্ধু সড়কস্থলে স্বাগত জানান এবং উদ্বোধনী অনুষ্ঠানের অগ্রগতি সম্পর্কে অবগত করেন। সড়ক সরেজমিনে পরিদর্শনের জন্য তিনি রাষ্ট্রদূতকে ধন্যবাদ জানান এবং সড়কটির কোথায় Bangabandhu Sheikh Mujib Street নামাঙ্কিত স্মারক স্থাপিত হবে সে স্থান প্রদর্শন করেন। তিনি আশাবাদ ব্যক্ত করেন, অল্পসময়ের মধ্যে সড়কে Bangabandhu Sheikh Mujib Street নামাঙ্কিত স্মারক ডিজাইন ও প্রস্তুতকরণের প্রয়োজনীয় সকল কাজ সম্পন্ন হবে । এ বিষয়ে Phnom Penh Capital Adminitration এর একটি কারিগরী দল কাজ করছে।

সড়ক পরিদর্শনকালে মান্যবর রাষ্ট্রদূতের সাথে দূতাবাসের ইকনোমিক মিনিষ্টার জনাব সৈয়দ রাশেদুল হোসেন, কাউন্সেলর (রাজনৈতিক) জনাব নির্ঝর অধিকারী এবং প্রথম সচিব (শ্রম) জনাব ফাহাদ পারভেজ বসুনিয়া উপস্থিত ছিলেন।

পরবর্তীতে আজ দুপুরে বাংলাদেশ প্রতিনিধিদল ও Phnom Penh Capital Adminitration এর কারিগরী প্রতিনিধিদলের মধ্যে একটি বৈঠক অনুষ্ঠিত হয়। বৈঠকে স্মারক ডিজাইন, স্মারক স্থাপনের স্থান নির্বাচন, উদ্বোধনী অনুষ্ঠানসহ বিভিন্ন বিষয় নিয়ে বিস্তারিত আলোচনা হয়।